

## বৈষম্য রোধের নীতি Discrimination Prevention Policy

### উদ্দেশ্যঃ

নিরবিচ্ছিন্নভাবে কারখানায় উৎপাদন নিশ্চিত করণের জন্য কারখানায় বৈষম্যহীনতা রোধের নীতিমালা প্রনয়ন করা হয় ।

### পরিধিঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড, অলিপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ - এর সকল বিভাগ/শাখার জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে ।

### দায়িত্বঃ

দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট এইচআর, কমপ্লায়েন্স কর্মকর্তা ও প্রশাসন বিভাগে নিয়োজিত ব্যক্তিবর্গ ।

### বিবরণঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড এর মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ তাদের কর্মশক্তিকে সুন্দর, উন্নত ও সঠিকভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে কর্মক্ষেত্রে সকলের সমান অধিকার নিশ্চিত করেছে । কর্তৃপক্ষ মনে করে কর্মক্ষেত্রে সকলের সমান অধিকার ও সমান সুযোগ প্রতিষ্ঠানে উন্নতমানের পন্য উৎপাদনে বাস্তব প্রভাব ফেলবে । এই দৃষ্টিকোন থেকে, কর্মক্ষেত্রে নিয়োজিত কোন শ্রমিক যাতে কোন ধরনের বৈষম্যমূলক আচরনের শিকার না হয়, কর্তৃপক্ষ সেদিকে সর্বদা দৃষ্টি রাখে ।

- কোনভাবেই কোন ধরনের বৈষম্যমূলক আচরনকে সহ্য করে না এবং বৈষম্যহীন পরিবেশ গড়ে তুলতে প্রতিষ্ঠানটি বদ্ধ পরিকর ।
- কর্মসংস্থান, বেতন-ভাতা, সুযোগ-সুবিধা, কর্মচ্যুতি অথবা অবসর গ্রহণের সিদ্ধান্ত সম্পূর্ণভাবে প্রতিটি কর্মচারীর যোগ্যতা ও কর্মক্ষেত্রের কর্মদক্ষতার উপর নির্ভরশীল । এক্ষেত্রে জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, রাজনৈতিক মতাদর্শ বা বয়সের কারণে কোন ভেদাভেদ করা হয় না ।
- জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল নারী পুরুষ যোগ্যতার ভিত্তিতে এখানে চাকুরী করতে পারে ।
- পদোন্নতি ও বেতন বৃদ্ধির ক্ষেত্রে দক্ষতা ও যোগ্যতাকেই অগ্রাধিকার দেওয়া হয় ।
- বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫, সংশোধনী-২০১৮, ২০২২ এবং প্লাস্টিক গেজেট-২০২০ সর্বদা মেনে চলা হয় এবং শ্রম আইনের প্রতি শ্রদ্ধা রেখে সকলকে সমান মর্যাদা দেওয়া হয় ।
- কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সম্ভাব্য প্রার্থীকে কাজের সাথে সম্পর্কহীন কোন প্রশ্ন করা হয় না এবং চাকুরীপ্রার্থীদের দরখাস্তসমূহ পর্যালোচনার মাধ্যমে কেবল যোগ্যতাসম্পন্ন কর্মীদের নিয়োগ দেয়া হয় ।

প্রতিষ্ঠানটি প্রতিটি কর্মচারীর প্রতি শ্রদ্ধা ও সম্মানের বিষয়ে সর্বদা সজাগ দৃষ্টি রাখে এবং সকলের সমান অধিকার নিশ্চিত করে ।

### সূত্রঃ

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধনী- ২০১৩, ২০১৮) ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ (সংশোধনী- ২০২২) ।

### উপসংহারঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড উপোরোক্ত নীতি অনুযায়ী অত্র কারখানায় বৈষম্যহীনতা বিরোধী নীতিমালা মেনে চলবে । প্রয়োজন সাপেক্ষে কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইনের সাথে সামঞ্জস্য রেখে উক্ত নীতির পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে । এক্ষেত্রে সংশোধিত নীতি বাংলাদেশ কল-কারখানা অধিদপ্তর এ অবহিত করে অনুমোদন গ্রহণ করতে হবে ।